

৬তম শিক্ষক নিবন্ধনের প্রিলিমিনারি পরীক্ষার ফল প্রকাশ করেছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। গতকাল এনটিআরসিএর ওয়েবসাইটে প্রকাশ করা ফলে দেখা গেছে, এবার পাসের হার ২৩ দশমিক ৮২ শতাংশ।

দেশের বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানে শিক্ষক পদে চাকরির জন্য এ নিবন্ধন পরীক্ষা নেয় এনটিআরসিএ। সারাদেশের ২ লাখ ২৮ হাজার ৪৪২ চাকরিপ্রার্থী এ বছর উত্তীর্ণ হয়েছেন। এর মধ্যে স্কুল পর্যায়ে ৮৪ হাজার ৬৯৬ জন, স্কুল পর্যায় ২-এ ১১ হাজার ৫৪৭ জন এবং কলেজ পর্যায়ে ১ লাখ ৩২ হাজার ১৯৯ প্রার্থী উত্তীর্ণ হয়েছেন।